

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কোন মন্দ কাজ দেখলে বা জানলে তা নিষেধ করার বিবরণ

ذِكْرُ وَصنْفِ النَّهٰي عَنِ الْمُنْكَرِ إِذَا رَآهُ الْمَرْءُ أَقْ عَلِمَهُ

## আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ الثَّوْرِيُّ عَنْ قَيْسِ بْنِ مُسْلِمٍ عَنْ طَارِقِ بْنِ شِهَابِ الْأَحْمَسِيِّ قَالَ: قَالَ: قَلَا مَنْ بَدَأَ بِالْخُطْبَةِ قَبْلَ الصَلَّلَةِ يَوْمَ الْعِيدِ مَرْوَانُ بْنُ الْحَكَمِ فَقَامَ إِلَيْهِ رَجُلُّ فَقَالَ: أُولُ مَنْ بَدَأَ بِالْخُطْبَةِ وَمدَّ بِهَا صَوْتَهُ فَقَالَ: تُرِكَ مَا هُنَاكَ أَبًا فُلَانٍ فقال أبوسعيد الخُدْرِيُّ: أَمَّا هَذَا فَقَدْ قَضَى مَا عَلَيْهِ سمعت رسول الله صلى الله عليه وسلم يَقُولُ: (مَنْ رَأًى مُنْكَرًا فَلْيُغَيِّرْهُ بِيَدِهِ فَإِنْ لَمْ يَسْتَطِعْ فَبِلِسَانِهِ فَإِنْ لَمْ يَسْتَطِعْ فَبِقِلْبِهِ وذاك أضعف الإيمان.)

الراوي: طارق بن شهاب الْأَحْمَسِيّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 306 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৩০৬. তারিক বিন শিহাব আল আহমাসী বলেন, ঈদের দিন সালাতের আগে খুতবা দেওয়ার প্রচলন প্রথম শুরু করেন মারওয়ান বিন হাকাম। এসময় এক ব্যক্তি তার কাছে উঠে যান এবং বলেন: "খুতবার আগে সালাত আদায় করতে হবে "তিনি উচ্চ আওয়াযে এই কথা বলেন। তখন মারওয়ান বলেন: "হে ওমুকের বাবা, এখানে এই পদ্ধতি ছেড়ে দেওয়া হয়েছে।" আবু সা'ঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: "এই ব্যক্তির উপর যে দায়িত্ব ছিল, তা তিনি আদায় করেছেন। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: "যে ব্যক্তি কোন মন্দ কাজ দেখবে, সে যেন তা হাত দ্বারা প্রতিহত করে, যদি সে না পারে, তবে যেন জবান দ্বারা প্রতিবাদ করে, সেটাও যদি না পারে তাহলে অন্তর দ্বারা। এটা সবচেয়ে দুর্বল ঈমান।"[1]



## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৫৪; সহীহ মুসলিম: ৪৯; তিরমিযী: ২১৭২; নাসাঈ: ৮/১১১; আত তায়ালিসী: ২১৯৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০৩৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ তারিক ইবনু শিহাব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন